

১৮০ দিনের কর্মসূচিতে যুগান্তকারী পদক্ষেপ নেব : শিক্ষামন্ত্রী



■ ইত্তেফাক রিপোর্ট

শিক্ষা এবং প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রী ড. আনাম এহছানুল হক মিলন বলেছেন, ১৮০ দিনের কর্মসূচির আওতায় শিক্ষা ও মানবসম্পদ উন্নয়নে যুগান্তকারী পদক্ষেপ নেওয়া হবে। গতকাল সোমবার শিক্ষা ও মানবসম্পদ উন্নয়নসংক্রান্ত বিভিন্ন উদ্যোগ বাস্তবায়নের লক্ষ্যে আয়োজিত সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন, বিএনপির নির্বাচনি ইশতেহার অনুযায়ী শিক্ষাব্যবস্থা আধুনিক, কর্মমুখী ও সময়োপযোগী করে গড়ে তুলতে সরকার অগ্রাধিকার ভিত্তিতে বিভিন্ন কর্মসূচি বাস্তবায়ন করবে। এর মধ্যে ১৮০ দিনে অর্থাৎ ছয় মাস মেয়াদে ত্বরিত কিছু পদক্ষেপ নেওয়া হবে, যা হবে যুগান্তকারী।

শিক্ষামন্ত্রী বলেন, শিক্ষাকে মুখস্থনির্ভরতা থেকে বের করে এনে সৃজনশীলতা, বিশ্লেষণধর্মী চিন্তা ও বাস্তব দক্ষতা উন্নয়নের দিকে এগিয়ে নেওয়াই সরকারের লক্ষ্য। তিনি বলেন, গবেষণা ও উদ্ভাবন উৎসাহিত করতে বিশ্ববিদ্যালয় ও শিল্পখাতের যৌথ গবেষণাগার

পৃষ্ঠা ২ কলাম ৩

১৮০ দিনের কর্মসূচিতে

১৬ পৃষ্ঠার পর

প্রতিষ্ঠা এবং উচ্চশিক্ষা ব্যবস্থার মানোন্নয়নে প্রয়োজনীয় সংস্কার গ্রহণ করা হবে।

সভায় উল্লেখ করা হয় যে, শিক্ষার্থীদের দক্ষতা উন্নয়নে মাধ্যমিক পর্যায়ে থেকে তৃতীয় ভাষা শিক্ষা চালু করা, সাধারণ শিক্ষার পাশাপাশি কারিগরি শিক্ষাকে বাধ্যতামূলক করা এবং শিক্ষার্থীদের খেলাধুলা, সংস্কৃতি ও নৈতিক শিক্ষায় সম্পৃক্ত করার উদ্যোগ নেওয়া হবে। পাশাপাশি শিক্ষাপ্রতিষ্ঠানে স্বাস্থ্যসম্মত পরিবেশ নিশ্চিত করা, পর্যায়ক্রমে মিড-ডে মিল চালু করা এবং শিক্ষার্থীদের জন্য ফ্রি ওয়াই-ফাই সুবিধা চালুর পরিকল্পনাও রয়েছে।